

🗏 वान-मूजानाना | Al-Mujadila | ٱلْمُجَادلَة

আয়াতঃ ৫৮:২০

💵 আরবি মূল আয়াত:

إِنَّ الَّذِينَ يُحَآدُّونَ اللَّهَ وَ رَسُولَهُ أُولَئِكَ فِي الأَذَلِّينَ ﴿٢٠﴾

🗚 অনুবাদসমূহ:

নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে তারা চরম লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত। — আল-বায়ান যারা আল্লাহর ও তাঁর রসূলের বিরোধিতা করে, তারাই সবচেয়ে বেশী লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত। — তাইসিরুল যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণ করে তারা হবে চরম লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত। — মুজিবুর রহমান Indeed, the ones who oppose Allah and His Messenger - those will be among the most humbled. — Sahih International

২০. নিশ্চয় যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচরণ করে, তারা হবে চরম লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত।

তাফসীরে জাকারিয়া

(২০) নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণ করে,[1] তারা হবে চরম লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত।[2]

- [1] مُحَادَّةُ এমন কঠিন বিরোধিতা, বিদ্বেষ এবং ঝগড়াকে বলা হয়, যাতে বিবদমান উভয় গোষ্ঠীর আপোসে মিলন বড়ই কঠিন হয়। যেন পরস্পর বিরোধী দু'টি দল দুই হদ্ (প্রান্ত বা সীমানায়) থাকে। আর এ থেকে এটা 'বারণ' অর্থেও ব্যবহার হয়। আর এই জন্যই দারোয়ান ও প্রহরীকেও 'হাদ্দাদ' বলা হয়। (ফাতহুল ক্লাদীর)
- [2] অর্থাৎ, যেভাবে অতীত উম্মতের মধ্য থেকে আল্লাহ ও তাঁর রসূলের বিরোধীদেরকে লাঞ্ছিত ও ধ্বংস করা হয়েছে, সেইভাবে এরাও ঐ লাঞ্ছিতদের দলভুক্ত হবে এবং এদের ভাগ্যেও দুনিয়া ও আখেরাতে লাঞ্ছনা ও অপমান ব্যতীত কিছুই জুটবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5124

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন